



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং- ৯৯সি/সংস্থা/৮৫ (বিজ্ঞপ্তি)/ ২০২৬

তারিখ: ০৬/০৪/২০২৬

বিষয়: বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে কৃচ্ছতাসাধনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।

- সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগ-এর পত্রের স্মারক নং: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫.১২৩, তারিখ: ০৫ মার্চ ২০২৬
- ২। মন্ত্রিপরিষদ বিভাগ-এর পত্রের স্মারক নং: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫.১২৯, তারিখ: ০৯ মার্চ ২০২৬
- ৩। শিক্ষা মন্ত্রণালয় এর পত্রের স্মারক নং: ৩৭.০০.০০০০.০০০.০৬২.৯৯.০০১.১৭-১২০, তারিখ: ১০ মার্চ ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বোর্ডের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে কৃচ্ছতাসাধনসহ নিম্নোক্ত নির্দেশনাসমূহ পালন করার জন্য অনুরোধ করা হলো।

- দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে।
- বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার করতে হবে।
- অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে।
- এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে। গাড়িতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যবহার সীমিত করতে হবে।
- অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে।
- অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে।
- অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ করতে হবে।
- যাবতীয় আলোকসজ্জা পরিহার করতে হবে।
- গাড়ির ব্যবহার সীমিত করতে হবে। দাণ্ডরিক কাজে shared transport ব্যবহার করতে হবে।
- জ্বালানী ব্যবহারে সাশ্রয়ী হতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


প্রফেসর ড. মো: জাহাঙ্গীর আলম (৭৮৩৮)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা